# বিআরটিসি'র সাম্প্রতিক কার্যক্রম

# ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিআরটিসি বহরে বাস/ট্রাক সংযোজন উদ্বোধন












১১ মার্চ ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভারতের মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিআরটিসি'র বহরে ৬০০টি এসি/নন-এসি বাস এবং ৫০০ টি ট্রাক সংযোজন কার্যক্রম শুভ উদ্বোধন করেন ।

# মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক
# বিআরটিসি’র ময়মনসিংহ ডিপো উদ্বোধন







মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ময়মনসিংহের জনসাধারণের যাতায়াতে গণপরিবহন ব্যবস্থার বিষয় বিবেচনায় এনে ০২ নভেম্বর ২০১৮ তারিখ শুক্রবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী বিআরটিসি’র ময়মনসিংহ বাস ডিপোর শুভ উদ্বোধন করেন।

# যাত্রাবাড়ী বাস ডিপো উদ্বোধন

১৫ অক্টোবর ২০১৮ তারিখ সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি বিআরটিসি যাত্রাবাড়ী বাস ডিপোর শুভ উদ্বোধন করেন। সংসদ সদস্য হাবিবুর রহমান মোল্লা, বিআরটিসির চেয়ারম্যান ফরিদ আহমদ ভুঁইয়াসহ বিআরটিসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।








# মাননীয় মন্ত্রী’র বিআরটিসি প্রধান কার্যালয় পরিদর্শন

২৬ মে ২০১৯ তারিখ বিআরটিসি ঈদ স্পেশাল সার্ভিস সম্পর্কে পর্যালোচনা ও মতবিনিময় সভা এবং অবসরপ্রাপ্ত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের মাঝে গ্র্যাচুইটি’র চেক বিতরণ করেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি।








# ৫ম বিশ্ব নিরাপদ সড়ক সপ্তাহ ২০১৯

১২ মে ২০১৯ তারিখে ৫ম বিশ্ব নিরাপদ সড়ক সপ্তাহ ২০১৯ উপলক্ষে বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট, তেজগাও কতৃর্ক আয়োজিত দিনব্যাপী কমর্শালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।








# <u>আন্তর্জাতিক বাস সার্ভিস</u>

বাংলাদেশ-ভারত দুই দেশের মধ্যে সৌহার্দ্য ও যাতায়াত সুবিধা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত ০৫টি আন্তর্জাতিক রুট সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব জনাব মোঃ নজরুল ইসলাম শুভ উদ্বোধন করেন।

- ঢাকা-কোলকাতা-ঢাকা
- আগরতলা-ঢাকা-কোলকাতা
- ঢাকা-খুলনা-কোলকাতা-ঢাকা
- ঢাকা-সিলেট-শিলং-গোহাটি-ঢাকা
- ঢাকা-আগরতলা-ঢাকা








# ঢাকা-শিলিগুড়ি-কাঠমন্ডু রুটে ট্রায়াল রান

ঢাকা-শিলিগুড়ি-কাঠমন্ডু রুটে বিআরটিসি'র চেয়ারম্যান এর নেতৃত্বে বাংলাদেশ, ভারত, নেপাল ও এশীয় উন্নয়ন ব্যাংকের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত টিম ২টি বাস যোগে গত ২৩ এপ্রিল ২০১৮ তারিখে ট্রায়াল রান শুরু করে  এবং ২৬ এপ্রিল ২০১৮ তারিখে ট্রায়াল রান সমাপ্ত করে।



# বিআরটিসি'র গণশুনানী

বিআরটিসি মতিঝিল বাস ডিপোতে গণশুনানী'র উদ্বোধন করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মোঃ নজরুল ইসলাম, ডিটিসি'র নির্বাহী পরিচালক সৈয়দ আহম্মদ, বিআরটিসির চেয়ারম্যান ফরিদ আহমদ ভূঁইয়া,




















# ঢাকা নারায়ণগঞ্জ রুটে এসি বাস সার্ভিস

মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি গত ২-০৫-২০১৯ তারিখে ঢাকা-নারায়ণগঞ্জ রুটে বিআরটিসি'র এসিবাস সার্ভিসের শুভ উদ্বোধন করেন।





# ঢাকা-নাগরপুর ও ঢাকা-নরসিংদী রুটে বিআরটিসি এসি/নন-এসি বাস সার্ভিস

গত ০২/০৭/২০১৯ তারিখ গুলিস্থান-নাগরপুর ও গুলিস্থান-নরসিংদী রুটে বিআরটিসি নতুন এসি/নন-এসি বাস সার্ভিসের শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি’র সভাপতি জনাব মোঃ একাব্বর হোসেন এমপি, জনাব এ এম নাঈমুর রহমান (দুর্জয়) এমপি, জনাব আহসানুল ইসলাম টিটু এমপি এবং বিআরটিসি’র চেয়ারম্যান, জনাব ফরিদ আহমদ ভুঁইয়া।











# রংপুরে বিআরটিসি’র দ্বিতল বাস সার্ভিস

গত ১৮ মে ২০১৯ তারিখ মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি রংপুরের পীরগঞ্জ হতে পাগলাপীর ও পাগলাপীর হতে কাউনিয়া রুটে বিআরটিসি দ্বিতল বাস সার্ভিসের শুভ উদ্বোধন করেন।





# ময়মনসিংহ-মুক্তাগাছা রুটে বিআরটিসি’র দ্বিতল বাস সার্ভিস

গত ২৫ জুন ২০১৯ তারিখ ময়মনসিংহ টু মুক্তাগাছা রুটে আলহাজ্ব কে এম খালিদ বাবু, এমপি মাননীয় সংস্কৃতি প্রতিমন্ত্রী এবং জনাব মাহমুদ হাসান, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ বিআরটিসি দ্বিতল বাস সার্ভিসের শুভ উদ্বোধন করেন।








# ঢাকা মহানগরীর রুটে বিআরটিসি'র চক্রাকার বাস সার্ভিস

রাজধানীর যানজট কমাতে ও বাস রুট রেশনালাইজেশনের অংশ হিসেবে ধানমন্ডি-সায়েন্সল্যব-নিউমার্কেট ও আজিমপুর রুটে অত্যাধুনিক চক্রাকার বাস সার্ভিস চালু করা গত ২৭ মার্চ এ সার্ভিসের উদ্বোধন করেন ঢাকা দক্ষিণের মেয়র ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা সংক্রান্ত কমিটির প্রধান মোহাম্মদ সাঈদ খোকন। এ সময় উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র মোঃ আতিকুল ইসলাম, ডিএমপি কমিশনার মোঃ আছাদুজ্জামান মিয়া বিপিএম (বার), পিপিএম, বিআরটিসি চেয়ারম্যান মশিউর রহমান, বিআরটিএ চেয়ারম্যান ফরিদ উদ্দিন ভুইয়াসহ অনেকে। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন ডিটিসিএর চেয়ারম্যান খন্দকার রাকিবুর রহমান।হয়েছে। বিআরটিসির তত্ত্বাবধানে এ সার্ভিসটি চালু করা হয়।

অপরদিকে কমিটির যুগ্ম আহ্বায়ক ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র মো. আতিকুল ইসলাম গত ২৭ মার্চ পৃথকভাবে বিআরটিসি'র দ্বিতল বাস দিয়ে উত্তরা চক্রাকার চক্রাকার বাস সার্ভিসের শুভ উদ্বোধন করেন।




ধানমন্ডি চক্রাকার বাস সার্ভিস



উত্তরা চক্রাকার বাস সার্ভিস

# ডিপোসমূহে আধুনিক ও যুগপোযোগী প্রশিক্ষণ সেন্টার নির্মাণ

দক্ষ চালক তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য “বিআরটিসি’র ০৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৮টি প্রশিক্ষণ সেন্টার আধুনিকায়ন ও শক্তিশালীকরন” প্রকল্পের আওতায় প্রশিক্ষণ সেন্টার নির্মাণ করা হয়।



# আগামী ০৫ বছরে ৩লক্ষ দক্ষ চালক তৈরী

দূর্ঘটনারোধকল্পে ও পরিবহন ব্যবস্থায় শৃংখলা আনোয়নের জন্য দেশে ভারী লাইসেন্সধারী দক্ষ চালকের অভাব পূরণের লক্ষ্যে স্বশস্ত্রবাহিনী বিভাগসহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে বিআরটিসি'র নেতৃত্বে আগামী ০৫ বছরে ৩লক্ষ দক্ষ চালক তৈরীর করার ভবিষ্যত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে ডিপিপি'র কার্যক্রম চলমান রয়েছে।




মহাখালী বাস টার্মিনালে সংশ্লিষ্টদের সাথে মতবিনিময়